# প্রাথমিক বৃত্তির ফল প্রকাশ হচ্ছে আজ

নিজস্ব প্রতিবেদক
১২ জুলাই ২০২৬, ১২:০০ এএম




বহুল আলোচিত প্রাথমিক বৃত্তি পরীক্ষা-২০২৫ এর ফলাফল অবশেষে আজ রবিবার আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হবে। রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ফল ঘোষণা করবেন শিক্ষা ও প্রাথমিক এবং গণশিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর জানিয়েছে, ফল প্রকাশের পর শিক্ষার্থী ও অভিভাবকরা আইপিইএমআইএস পোর্টালের মাধ্যমে অনলাইনে এবং মোবাইল এসএমএসের মাধ্যমে ফল জানতে পারবেন।

এর আগে গত বৃহস্পতিবার ফল প্রকাশের কথা থাকলেও নির্ধারিত সময়ের আগেই ফল অনলাইনে চলে যাওয়ার ঘটনায় শেষ মুহূর্তে তা স্থগিত করা হয়।

জানা গেছে, গত ৮ জুলাই বৃত্তি পরীক্ষার ফলাফল চূড়ান্ত করা হয়। পরে ওয়েব পোর্টালে আপলোডের জন্য প্রয়োজনীয় লিংক তৈরির দায়িত্ব দেওয়া হয় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার মো. মেহতাব কায়েসকে। যদিও যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ছাড়া ফলাফল প্রকাশ না করার নির্দেশনা দেওয়া হয়েছিল। তবু ৯ জুলাই সকাল ১০টার দিকে ঢাকা বিভাগের ৯টি জেলার ফলাফল ওয়েব লিংকে আপলোড হয়ে যায়। অল্প সময়ের মধ্যেই অনেক ব্যবহারকারী সেই ফলাফল ডাউনলোড করে সামাজিক মাধ্যমে ছড়িয়ে দেন। এতে ব্যাপক আলোচনা-সমালোচনার সৃষ্টি হয়।

ঘটনার পর প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় অভিযুক্ত কর্মকর্তা মো. মেহতাব কায়েসকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা অনুযায়ী সাময়িক বরখাস্ত করে। একই সঙ্গে পুরো ঘটনা তদন্তে তিন সদস্যের একটি কমিটিও গঠন করা হয়েছে।

প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফলাফল আনুষ্ঠানিক ঘোষণার আগেই ছড়িয়ে পড়ায় গতকাল এক অনুষ্ঠানে ক্ষোভ প্রকাশ করে শিক্ষামন্ত্রী বলেন, বৃত্তি পরীক্ষা নিয়ে কোনো পদ্ধতিগত জটিলতা

হয়নি। এটি আমাদের দেশের এক ধরনের অপচর্চা। একজন অপারেটর তার ব্যক্তিগত ‘হিরোইজম’ দেখানোর জন্য আমাদের আনুষ্ঠানিক ঘোষণার আগেই ফল প্রকাশ করেছে। আমরা তার বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা করেছি। শিক্ষাঙ্গনে কোনো ধরনের শৃঙ্খলা ভঙ্গ বরদাশত করা হবে না। সব জেলার ফল সম্পূর্ণ না করে এভাবে আংশিক প্রকাশ করা গ্রহণযোগ্য নয়। ভবিষ্যতে যাতে এমন ঘটনা আর না ঘটে, সেজন্য দৃষ্টান্তমূলক সাজা দেওয়া হবে।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর জানিয়েছে, তদন্তে নিরাপত্তা প্রটোকল লঙ্ঘনের বিষয়টি গুরুত্বের সঙ্গে খতিয়ে দেখা হচ্ছে। ভবিষ্যতে যাতে এ ধরনের ঘটনা আর না ঘটে, সেজন্যও প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর জানিয়েছে, ফল প্রকাশের পর নির্ধারিত অনলাইন পোর্টালে রোল নম্বর দিয়ে ফল দেখা যাবে। পাশাপাশি এসএমএসের মাধ্যমেও ফল জানা যাবে। ফল প্রকাশ-সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা সংবাদ সম্মেলনের পর জানিয়ে দেওয়া হবে।